বাংলাদেশ পাওয়ার ম্যানেজমেন্ট ইনস্টিটিউট
প্লট নং ২, সড়ক-১০৪, সেক্টর-৪, পূর্বাচল, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ

# বার্ষিক প্রতিবেদন

## ২০১৮-২০১৯ অর্থবছর

## ১.০ বিপিএমআই গঠনের পটভুমি:

আধুনিক সভ্যতা ও উন্নয়নের অন্যতম উপাদান বিদ্যুৎ। যে কোন দেশে টেকসই শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, শিল্প সহ সকল অর্থনৈতিক কর্মকাণ্ড চলমান রাখার জন্য প্রয়োজন নির্ভরযোগ্য বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণ ব্যবস্থা। কে কারণে সরকার বিদ্যুৎ খাতে সমন্বিত মহাপরিকল্পনা পাওয়ার সেক্টর মাস্টারপ্ল্যান ২০১৬ (পিএসএমপি-২০১৬) প্রণয়ন করেছে। এতে বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণের ২০২১, ২০৩০ ও ২০৪১ সালের পৃথক পৃথক সুদূরপ্রসারী লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে।

পিএসএমপি-২০১৬ অনুসারে বিদ্যুৎ বিভাগ জনগণের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যকে সামনে রেখে বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণ খাতে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা গ্রহন করেছে। উক্ত পরিকল্পনা অনুযায়ী বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণে নতুন নতুন প্রযুক্তির সমন্বয় ঘটানো হয়েছে। গ্যাস নির্ভর বিদ্যুৎ উৎপাদন খাতে জ্বালানি বৈচিত্র (fuel diversification) বৃদ্ধি এবং নবায়নযোগ্য জ্বালানি খাতে গুরুত্ব আরোপ করা হয়েছে। প্রতিটি ক্ষেত্রে প্রযুক্তির উন্নয়ন বিশ্বব্যাপী বিদ্যুৎ সরবরাহ শিল্পকে আরও অত্যাধুনিক করে তুলছে। আধুনিক প্রযুক্তি ব্যবহার ও জ্বালানি বৈচিত্রায়নের সুফল দ্রুততম সময়ে সকলের নিকট পৌছে দেওয়ার লক্ষ্যে জনবল ও আর্থিক ক্ষেত্রে আধুনিক ব্যবস্থাপনা প্রবর্তন করা হচ্ছে। গ্রাহকদের নিকট নির্ভরযোগ্য ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ করার জন্য একদিকে যেমন নতুন ও উন্নত প্রযুক্তি প্রয়োজন, তেমনই সে সব প্রযুক্তি ব্যবহারের এবং আধুনিক ব্যবস্থাপনার মাধ্যমে টেকসই বিদ্যুৎ খাত সৃষ্টির জন্য প্রয়োজন পর্যাপ্ত সংখ্যক দক্ষ জনবল।

বিদ্যুৎ খাতের সকল এজেন্সির প্রকল্প পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন, পর্যবেক্ষণ এবং মূল্যায়নের জন্য প্রযুক্তিগতভাবে দক্ষ ও স্ব-প্রণোদিত (Self-motivated) জনসম্পদ প্রয়োজন। একইভাবে, বিদ্যুৎ কেন্দ্র সহ বিভিন্ন স্থাপনার কারিগরি নকশা তৈরি, নির্মাণ তত্ত্বাবধান, কমিশনিং, পরীক্ষা, পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য দক্ষ জনশক্তি প্রয়োজন। বিদ্যুতের সকল সংস্থা/কোম্পানির সকল অবকাঠামোয় উন্নত প্রযুক্তির যন্ত্রপাতি বা সামগ্রী ব্যবহার ছাড়াও নিরবচ্ছিন্ন এবং মানসম্মত বিদ্যুৎ সরবরাহের জন্য দক্ষ, স্ব-প্রণোদিত পেশাদার কর্মীবাহিনী প্রয়োজন, যা শুধুমাত্র যথাযথ প্রশিক্ষণের মাধ্যমে সম্ভব।

বিদ্যুৎ সেক্টরের আগামী দিনের চ্যালেঞ্জ মোকাবেলার জন্য এ খাতে নিযুক্ত মানবসম্পদের গুণগতমান উন্নয়নসহ বহুমাত্রিক দক্ষতাসম্পন্ন জনবল তৈরীর লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী বিদ্যুৎ সেক্টরের জন্য একটি আন্তর্জাতিক মানের বিশেষায়িত প্রশিক্ষণ ইনস্টিটিউট প্রতিষ্ঠার প্রয়োজনীয়তা অনুভব করেন। তাঁর নির্দেশনা অনুসারে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর প্রত্যক্ষ তত্ত্বাবধানে ও বিদ্যুৎ বিভাগের সুযোগ্য সচিব মহোদয়ের নেতৃত্বে ০৮ জুন ২০১৭ তারিখে "দ্য সোসাইটি রেজিস্ট্রেশন অ্যাক্ট-১৮৬০" (Act No. XXI of 1860) এর আওতায় ৮ জুন ২০১৭ তারিখে রেজিস্ট্রেশন করার মাধ্যমে Bangladesh Power Management Institute (BPMI) গঠিত হয়।

## ২.০ বিপিএমআই-এর সংক্ষিপ্ত কার্যাবলী

বাংলাদেশ পাওয়ার ম্যানেজমেন্ট ইনস্টিটিউটের মূল কার্যাবলী নিম্নরূপ:

- প্রশিক্ষণ ও মানব  সম্পদ উন্নয়নে বিদ্যুৎ সেক্টরে Apex Body হিসেবে কাজ করা।

- পাওয়ার সেক্টর প্রশিক্ষণ নীতিমালা বা পিএসটিপি প্রণয়ন, বাস্তবায়ন ও মনিটরিং এ বিদ্যুৎ বিভাগকে সহায়তা করা।
- দক্ষ জনবল গঠনে যুগোপযোগী ও মানসম্মত স্বল্প, মধ্যম ও দীর্ঘ-মেয়াদী প্রশিক্ষণ প্রদান করা।
- বিদ্যুৎ বিভাগের আওতাধীন সংস্থা ও কোম্পানিসমূহের বিদ্যমান প্রশিক্ষণ কার্যক্রমের সমন্বয় সাধন করা।
- বুদ্ধিবৃত্তিক প্রতিষ্ঠান হিসেবে সরকারকে বিদ্যুৎ বিষয়ক পরিকল্পনা প্রণয়নে সহায়তা করা।
- প্রশিক্ষণের পাশাপাশি বিদ্যুৎখাতে পরামর্শক ও উপদেষ্টা সেবাপ্রদান।
- সরকারীখাতের পাশাপাশি বেসরকারীখাতের জনবলকে প্রশিক্ষণ প্রদান।
- ই-লার্নিং প্ল্যাটফর্ম মাধ্যমে অনলাইন প্রশিক্ষণ প্রদান করা।
- সহস্রাধিক প্রশিক্ষণার্থীর সমন্বয়ে ভার্চুয়াল ক্লাসরুমে একযোগে প্রশিক্ষণ প্রদান করা।
- বিদ্যুৎ খাত সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ের উপর সেমিনার / ওয়ার্কশপ আয়োজন।
- বিদ্যুৎ খাতের বিভিন্ন গবেষণামূলক কার্যক্রম ও স্টাডি সম্পাদন করা।

## ৩.০ বিপিএমআই-এর পরিচালনা পদ্ধতি

### ৩.১ জেনারেল বডি

বিপিএমআই-এর একটি জেনারেল বডি রয়েছে। যার গঠন নিম্নরূপ:

| ক্রমিক | কর্মকর্তার পদবী ও সংস্থা | গভর্নিং বডিতে অবস্থান |
|---|---|---|
| ১ | সচিব, বিদ্যুৎ বিভাগ<br>বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | চেয়ারপার্সন ও মনোনীত অফিসিয়াল সদস্য |
| ২ | বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি) হতে মনোনীত ১ (এক) জন প্রতিনিধি | মনোনীত অফিসিয়াল সদস্য |
| ৩ | চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি) | মনোনীত অফিসিয়াল সদস্য |
| ৪ | চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বিআরইবি) | মনোনীত অফিসিয়াল সদস্য |
| ৫ | চেয়ারম্যান, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা) | মনোনীত অফিসিয়াল সদস্য |
| ৬ | চেয়ারম্যান, বাংলাদেশ জ্বালানী ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল (বিইপিআরসি) | মনোনীত অফিসিয়াল সদস্য |
| ৭ | রেক্টর, বাংলাদেশ পাওয়ার ম্যানেজমেন্ট ইনস্টিটিউট (বিপিএমআই) | সদস্য সচিব ও কার্যনির্বাহী সদস্য |
| ৮ | বিদ্যুৎ প্রযুক্তি সম্পর্কিত বিশ্ববিদ্যালয় হতে ১ (এক) জন শিক্ষাবিদ | মনোনীত নন অফিসিয়াল সদস্য |
| ৯ | ব্যবস্থাপনা পরিচালক, নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোঃ লিঃ (এনডব্লিউপিজিসিএল) | মনোনীত অফিসিয়াল সদস্য |
| ১০ | ব্যবস্থাপনা পরিচালক, ইলেক্ট্রিসিটি জেনারেশন কোঃ অফ বাংলাদেশ লিঃ (ইজিসিবি) | মনোনীত অফিসিয়াল সদস্য |

| | | |
|---|---|---|
| ১১ | ব্যবস্থাপনা পরিচালক, রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড (আরপিসিএল) | মনোনীত অফিসিয়াল সদস্য |
| ১২ | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ-ইন্ডিয়া ফ্রেন্ডশিপ পাওয়ার কোম্পানি (প্রাঃ) লিঃ | মনোনীত অফিসিয়াল সদস্য |
| ১৩ | ব্যবস্থাপনা পরিচালক, কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেড (সিপিজিসিবিএল) | মনোনীত অফিসিয়াল সদস্য |
| ১৪ | ব্যবস্থাপনা পরিচালক, পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশের (পিজিসিবি) | মনোনীত অফিসিয়াল সদস্য |
| ১৫ | ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) | মনোনীত অফিসিয়াল সদস্য |
| ১৬ | ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড (ডেসকো) | মনোনীত অফিসিয়াল সদস্য |
| ১৭ | ব্যবস্থাপনা পরিচালক, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি (ওজোপাডিকো) | মনোনীত অফিসিয়াল সদস্য |
| ১৮ | মহাপরিচালক, পাওয়ার সেল, বিদ্যুৎ বিভাগ | মনোনীত অফিসিয়াল সদস্য |
| ১৯ | বিদ্যুৎ সেক্টরের একজন বিশেষজ্ঞ | মনোনীত নন-অফিসিয়াল সদস্য |
| ২০ | প্রাইভেট বিদ্যুৎ সেক্টরের একজন প্রতিনিধি | মনোনীত নন-অফিসিয়াল সদস্য |
| ২১ | নির্বাহী সদস্য (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ পাওয়ার ম্যানেজমেন্ট ইনস্টিটিউট (বিপিএমআই) | নির্বাহী সদস্য |
| ২২ | নির্বাহী সদস্য (টেকনিক্যাল ও গবেষণা), বাংলাদেশ পাওয়ার ম্যানেজমেন্ট ইনস্টিটিউট (বিপিএমআই) | নির্বাহী সদস্য |
| ২৩ | নির্বাহী সদস্য (উন্নয়ন ব্যবস্থাপনা), বাংলাদেশ পাওয়ার ম্যানেজমেন্ট ইনস্টিটিউট (বিপিএমআই) | নির্বাহী সদস্য |

তবে একই সাথে সরকার কর্তৃক এই জেনারেল বডিতে বিভিন্ন প্রতিষ্ঠান হতে রিপ্রেজেন্টেটিভ সদস্য মনোনয়নের সুযোগ রয়েছে এবং ঐ সকল প্রতিষ্ঠান তাদের কর্মকর্তাদের মধ্য থেকে রিপ্রেজেন্টেটিভ মনোনয়ন দিবে।

## ৩.২ গভর্নিং বডি

বাংলাদেশ পাওয়ার ম্যানেজমেন্ট ইনস্টিটিউটের একটি গভর্নিং বডি রয়েছে, যার সভাপতি বিদ্যুৎ বিভাগের সচিব। এই ১৬ সদস্য বিশিষ্ট গভর্নিং বডির নির্দেশনা অনুসারে বিপিএমআই-এর কার্যক্রম পরিচালিত হয়। গভর্নিং বডির নির্দেশনা অনুসারে বিপিএমআই-এর কার্যক্রম পরিচালিত হয় যার তালিকা নিম্নরূপ:

| ক্রমিক | কর্মকর্তার পদবী ও সংস্থা | গভর্নিং বডিতে অবস্থান |
|---|---|---|
| ১ | সচিব, বিদ্যুৎ বিভাগ<br>বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | চেয়ারপার্সন |

| | | |
|---|---|---|
| ২ | চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি) | মনোনীত সদস্য |
| ৩ | চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বিআরইবি) | মনোনীত সদস্য |
| ৪ | চেয়ারম্যান, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা) | মনোনীত সদস্য |
| ৫ | রেক্টর, বাংলাদেশ পাওয়ার ম্যানেজমেন্ট ইনস্টিটিউট (বিপিএমআই) | সদস্য সচিব ও কার্যনির্বাহী সদস্য |
| ৬ | ব্যবস্থাপনা পরিচালক, পাওয়ার গ্রিড কোম্পানি অফ বাংলাদেশ লিঃ (পিজিসিবি) | মনোনীত সদস্য |
| ৭ | ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোঃ লিঃ (ডিপিডিসি) | মনোনীত সদস্য |
| ৮ | ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোঃ লিঃ (ডেসকো) | মনোনীত সদস্য |
| ৯ | ব্যবস্থাপনা পরিচালক, নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোঃ লিঃ (এনডব্লিউপিজিসিএল) | মনোনীত সদস্য |
| ১০ | মহাপরিচালক, পাওয়ার সেল | মনোনীত সদস্য |
| ১১ | বিদ্যুৎ প্রযুক্তি সম্পর্কিত বিশ্ববিদ্যালয় হতে ১ (এক) জন অধ্যাপক | মনোনীত সদস্য |
| ১২ | বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি) হতে মনোনীত ১ (এক) জন প্রতিনিধি | মনোনীত সদস্য |
| ১৩ | বেসরকারী পাওয়ার সেক্টর হতে মনোনীত ১ (এক) জন প্রতিনিধি | মনোনীত সদস্য |
| ১৪ | বিদ্যুৎ সেক্টরের ১ (এক) জন বিশেষজ্ঞ | মনোনীত সদস্য |
| ১৫ | বিপিএমআই এর এমডিএস | কার্যনির্বাহী সদস্য |

### ৩.৪ বিপিএমআই ব্যবস্থাপনা

বিপিএমআই-এর নিজস্ব কোন কর্মকর্তা/কর্মচারি নেই। বিদ্যুৎ বিভাগের আওতাধীন সংস্থা ও কোম্পানিসমূহ থেকে কয়েকজন কর্মকর্তাকে সংযুক্তকরণের মাধ্যমে দৈনন্দিন কার্যক্রম পরিচালনা শুরু করা হয়। পরবর্তীতে ২০১৮ সালে এপ্রিল মাসে বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ মাহবুব-উল-আলমকে নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসেবে রেক্টরের দায়িত্ব প্রদান করা হয়। পরবর্তীতে তাঁকে প্রকল্প পরিচালক ও রেক্টর (অতিরিক্ত দায়িত্ব) নিয়োগ করা হয় এবং তিনি মার্চ ২০১৯ মাসে যোগদান করেন। অস্থায়ী ভবনে কার্যক্রম শুরু করার পর কয়েকজন চতুর্থ শ্রেণির কর্মচারি দৈনিক হাজিরার ভিত্তিতে নিয়োগ করা হয়।

## ৪.০ অবকাঠামো

### ৪.১ শুরুতে কার্যক্রম পরিচালনার স্থান

ঢাকার অদূরে কেরানীগঞ্জে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অধিগ্রহণকৃত জমি হতে ২৫ একর জমি বিপিএমআই এর নামে বরাদ্দ করা হয়েছে। উক্ত জমির উপর বিপিএমআই এর স্থায়ী মূল ক্যাম্পাস নির্মাণ করা হবে। বর্তমানে সেখানে মাটি ভরাট ও সীমানা প্রাচীর নির্মাণের কাজ সমাপ্ত হয়েছে।

ডিসেম্বর, ২০১৭ হতে ০২ মে ২০১৯ ইং পর্যন্ত বিদ্যুৎ ভবন (১, আব্দুল গণি রোড) এর ১১ তলায় ২ টি কক্ষে বিপিএমআই এর অস্থায়ী কার্যালয় স্থাপন করা হয়েছিল এবং বিদ্যুৎ ভবনের বিজয় হল ও মুক্তি হলে অস্থায়ীভাবে প্রশিক্ষণসমূহ পরিচালনা করা হয়।

## ৪.২ অস্থায়ী ভবনে কার্যক্রম

পূর্বাচলের ৪ নম্বর সেক্টরে ডেসকোর একটি সাব-স্টেশনের ৪টি ফ্লোর নিয়ে বিপিএমআই-এর অস্থায় ক্যাম্পাস স্থাপন করা হয়। এই ভবনে ২ মে ২০১৯ তারিখে আনুষ্ঠানিক উদ্বোধনের মাধ্যমে কার্যক্রম শুরু করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা জনাব তৌফিক-ই-ইলাহী চৌধুরী, বীর বিক্রম প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি জনাব মোঃ শহীদুজ্জামান সরকার, এমপি এবং প্রধানমন্ত্রী কার্যালয়ের মুখ্য সমন্বয়ক (এসডিজি) জনাব মোঃ আবুল কালাম আজাদ। সভাপতিত্ব করেন বিদ্যুৎ বিভাগের সিনিয়র সচিব ডঃ কায়কাউস আহমদ।

বিপিএমআই-এর অস্থায়ী ক্যাম্পাসে দু'টি শ্রেণিকক্ষ, একটি কম্পিউটার ল্যাব, বোর্ড রুম, নামাজ ঘর, একটি ডাইনিং হল সহ কর্মকর্তাদের বসার কক্ষ রয়েছে।

# ৫.০ কার্যক্রম

## ৫.১ বাজেট ও ব্যয়

বিপিএমআই-এর প্রাথমিক অবস্থায় মার্চ ২০১৮ থেকে ডিসেম্বর পর্যন্ত সময়ের জন্য ৭২,৭২,০০০.০০ টাকার একটি বাজেট প্রণয়ন করা হয়, যা পরিশিষ্ট-১ এ প্রদান করা হল। এই বাজেট পরবর্তীকালে গভর্নিং বডি কর্তৃক ৭৪,৬৭,০০০.০০ টাকার বাজেট সংশোধিত বাজেট অনুমোদন করা হয় (পরিশিষ্ট-২)। এটিতে অর্থবছর অনুসরণ করা হয়নি, তাই অর্থবছরের বাজেট বলা যায় না।

## ৫.১ অডিট

বিপিএমআই-এর ২০১৭-১৮ সালের ব্যয়ের বিষয়ে অডিট করা হয়েছে, যার সংক্ষিপ্তসার পরিশিষ্ট-৩ এ প্রদান করা হল।

## ৫.৪ প্রশিক্ষণ কর্মসূচি

বিপিএমআই-তে বিপিএমআই-তে যে সকল বিষয়ে প্রশিক্ষণ প্রদানে গুরুত্ব প্রদান করা হচ্ছে বা হবে, সেগুলোর রূপরেখা নিম্নরূপ:

### *৫.১.১ বিদ্যুৎ উৎপাদন*

- বিদ্যুৎ উৎপাদন পরিকল্পনা
- বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প প্রণয়ন ও ব্যবস্থাপনা
- বিদ্যুৎ কেন্দ্র অপারেশন এবং রক্ষণাবেক্ষণ
- কোল সোর্সিং ও হ্যান্ডলিং
- উৎপাদন পরিকল্পনা, অপারেশন, রক্ষণাবেক্ষণ, অটোমেশন

### *৫.১.২ বিদ্যুৎ সঞ্চালন*

- বিদ্যুৎ সঞ্চালন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন
- হাইভোল্টেজ লাইন ও সাবস্টেশন ডিজাইন, অপারেশন, মেইন্টিনেন্স, প্রটেকশন
- সঞ্চালন পরিকল্পনা, অপারেশন, রক্ষণাবেক্ষণ, অটোমেশন

### *৫.১.৩ বিদ্যুৎ বিতরণ*

- বিদ্যুৎ বিতরণ পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন

- বিতরণ লাইন ও সাবস্টেশন ডিজাইন, অপারেশন, মেইন্টিনেন্স, প্রটেকশন
- ট্রান্সফর্মার ও সাবস্টেশন
- বিতরণ পরিকল্পনা, অপারেশন, রক্ষণাবেক্ষণ, অটোমেশন

### *৫.১.৪ নবায়নযোগ্য শক্তির সাহায্যে বিদ্যুৎ উৎপাদন*

- সোলার পাওয়ার প্ল্যান্ট
- উইন্ড পাওয়ার প্ল্যান্ট

### *৫.১.৫ সাধারণ ব্যবস্থাপনা*

- পরিবেশ ব্যবস্থাপনা
- মানবসম্পদ ব্যবস্থাপনা
- প্রশিক্ষকদের জন্য প্রশিক্ষণ (টিওটি)
- লিডারশিপ বিষয়ে প্রশিক্ষণ
- উন্নত গ্রাহক সেবা
- স্টোর ম্যানেজমেন্ট
- অফিস ম্যানেজমেন্ট

### *৫.১.৬ আর্থিক ব্যবস্থাপনা*

- অডিট এবং ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট
- পাবলিক প্রকিউরমেন্ট
- প্রকল্প ব্যবস্থাপনা

### *৫.১.৭ বিদ্যুৎ খাতে তথ্য-প্রযুক্তি ব্যবহার*

- জিআইএস এবং স্ক্যাডা
- আইসিটি
- কম্পিউটার হার্ডওয়্যার ও মেইনটেন্যান্স
- সাইবার সিকিউরিটি ও ডাটা সিকিউরিটি

### *৫.১.৮ বিশেষায়িত প্রশিক্ষণ*

- বুনিয়াদী প্রশিক্ষণ
- সিনিয়র স্টাফ কোর্স

এ সব বিষয়ের মধ্যে প্রকল্প ব্যবস্থাপনা বিষয়ক একটি প্রশিক্ষণ কোর্স ইতোমধ্যেই শুরু হয়েছে, বাকি বিষয়গুলিতে প্রশিক্ষণ কোর্স যথাসম্ভব দ্রুত শুরু করা হবে।

## ৫.৫ কোর্স কারিকুলাম ডেভেলপমেন্ট

বিপিএমআই-তে যে সকল বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়, সে সব বিষয়ে কোর্স কারিকুলাম তৈরি করা একটি গুরুত্বপূর্ণ বিষয়। বিপিএমআই কারিগরি বিষয়সমূহে বিদ্যুৎ সেক্টরের অভিজ্ঞ ও দক্ষ প্রকৌশলী / কর্মকর্তা, বুয়েট সহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক এবং দেশে বিদেশে বিভিন্ন সেক্টরে স্বনামধন্য প্রশিক্ষকগণের সহায়তা নিয়ে নিজস্ব কোর্স কারিকুলাম তৈরি করে। অকারিগরি, যেমন সাধারণ ও আর্থিক ব্যবস্থাপনা বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় সহ বিভিন্ন প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষকদের সহায়তায় কারিকুলাম উন্নয়ন করা হয়। এরপর বিশ্বের বিভিন্ন নামকরা প্রতিষ্ঠানের কারিকুলামের সাথে সেগুলি মিলিয়ে নেয়া বা প্রয়োজনবোধে সংশোধন করা হয়। বিদ্যুৎ খাতের বিভিন্ন সংস্থা বা কোম্পানির দক্ষ প্রকৌশলী বা কর্মকর্তাদের সাথেও এ সব কারিকূলাম নিয়ে পরামর্শ করা হয়। এর পর বিপিএমআই কোন বিষয়ের কোর্স কারিকুলাম অনুমোদন করে এবং প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হয়।

প্রতিটি ব্যাচের প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের নিকট থেকে কোর্সটি সম্পর্কে ফিডব্যাক গ্রহণ করা হয়, যাতে কারিকুলাম সম্পর্কে নানা পরামর্শ থাকে। সেগুলির মধ্যে যুক্তিসংগত বলে বিবেচিত হলে সেগুলোর ভিত্তিতে পরবর্তী ব্যাচের কোর্স কারিকুলাম আপডেট করা হয়। মোটকথা, প্রতিটি কোর্স কারিকুলাম ক্রমাগতভাবে উন্নয়ন ও হালনাগাদ করা হয়।

তবে, বিপিএমআই একটি কারিগরি সহায়তা প্রকল্প অনুমোদনের জন্য দাখিল করেছে, যা অনুমোদিত হলে আন্তর্জাতিক মানের পরামর্শকদের সহায়তায় বিভিন্ন বিষয়ে কোর্স কারিকুলাম এবং কোর্স ম্যাটেরিয়াল ডেভেলপমেন্ট করা হবে।

## ৫.৬ রিসোর্স পারসন

কারিগরি, ব্যবস্থাপনা এবং আর্থিক বিষয়ে প্রশিক্ষণের জন্য বিপিএমআই দেশের বিশ্ববিদ্যালয়সমূহ, বিভিন্ন সংস্থা বা কোম্পানিতে কর্মরত পেশাজীবীদের নিয়ে রিসোর্স পারসন পুল গড়ে তোলার কাজ করছে। প্রতিটি বিষয়ে দক্ষ প্রশিক্ষকদের একটি তালিকা তৈরি করা হবে, যা প্রতিনিয়ত হালনাগাদ করা হবে। তা' ছাড়া প্রতিটি সংস্থায় নিজ নিজ প্রশিক্ষণ কেন্দ্রগুলিতে যারা প্রশিক্ষক হিসেবে কাজ করবে, তাদের জন্য বিপিএমআই 'ট্রেনিং অব ট্রেইনার্স'-এর আয়োজন করছে।

## ৫.৭ ২০১৮-১৯ অর্থবছরে সম্পাদিত কার্যক্রম

বিপিএমআই ২০১৮-১৯ অর্থবছরে ১৯ টি প্রশিক্ষণ কোর্সের আয়োজন করে। নিজস্ব ভবন না থাকায় বিদ্যুৎ ভবনের বিভিন্ন কনফারেন্স রুমে প্রশিক্ষণ কোর্সগুলির আয়োজন করা হয়। কিন্তু সেসব কক্ষে অন্য কোন সভা বা অনুষ্ঠান থাকলে প্রশিক্ষণ বন্ধ রাখতে হতো, তাতে প্রশিক্ষণ কার্যক্রমের ক্ষতি হতো। তাই প্রকৃতপক্ষে ৫ মে ২০১৮ তারিখেই বিপিএমআই-এর কার্যক্রম আনুষ্ঠানিকভাবে শুরু বলা যায়।

২০১৮-১৯ অর্থবছরে সম্পাদিত কার্যক্রম নিম্নরূপ ছিল:

| ক্রম | বিষয় | জুলাই, ২০১৮ – জুন-২০১৯ |
|---|---|---|
| ১ | প্রশিক্ষণ কোর্স | ১৯ |
| ২ | কর্মশালা | ২ |
| ৩ | প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তার সংখ্যা | ৪৭০ |
| ৪ | প্রশিক্ষণ দিবস | ৫২ |
| ৫ | প্রশিক্ষণ জনদিবস | ১৩৫১ |
| ৬ | প্রশিক্ষণ জনঘণ্টা | ১০,৮০৮ |
| ৭ | জনপ্রতি জনঘণ্টা (প্রশিক্ষণ) | ২৩ |

বিপিএমআই-এর শুরু থেকে জুন ২০১৯ তারিখ পর্যন্ত (১৩ মাস) সম্পাদিত কার্যক্রমের বিবরণী নিম্নে প্রদান করা হল:

| ক্রম | বিষয় | মে, ২০১৭ – জুন-২০১৯ |
|---|---|---|
| ১ | প্রশিক্ষণ কোর্স | ২০ |
| ২ | কর্মশালা | ২ |
| ৩ | প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তার সংখ্যা | ৫০৫ |
| ৪ | প্রশিক্ষণ দিবস | ৬৩ |
| ৫ | প্রশিক্ষণ জনদিবস | ১৭৩৬ |
| ৬ | প্রশিক্ষণ জনঘণ্টা | ১৩৮৮৮ |

| | | |
|---|---|---|
| ৭ | জনপ্রতি জনঘণ্টা (প্রশিক্ষণ) | ২৭.৫০ |

আলোচ্য অর্থবছরের বিভিন্ন কার্যক্রমের কিছু ছবি পরিশিষ্ট-৩ এ প্রদান করা হল।

### ৫.৮ সম্পাদিত প্রশিক্ষণের বিষয়

২০১৮-১৯ অর্থ-বছরে পরিচালিত প্রশিক্ষণ কোর্সগুলির শিরোনাম ছিল:

#### *৫.৬.১ কারিগরি*

- Familiarization of Coal fired Thermal Power Station
- Basic Training on GIS & SCADA
- Field Training at Matarbari Coal Power Project

#### *৫.৬.২ সাধারণ ও আর্থিক ব্যবস্থাপনা*

- Project Formulation, Implementation, Monitoring & Evaluation (PIME)
- Financial & Economic Analysis of Development Project
- Physical Security and Access Control for KPIs

### ৫.৯ ওয়ার্কশপ

আলোচ্য বছরে দু'টি ওয়ার্কশপ পরিচালনা করা হয়, যেগুলির টপিক হচ্ছে:

- Finalization of Draft Power Sector Training Policy
- Formulation of Service Excellence Framework for Power Sector Agencies

### ৫.১০ ভবিষ্যতে যেসব বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে

বিপিএমআই পরবর্তী বছরে যেসব প্রশিক্ষণের পরিকল্পনা করে সেগুলি হচ্ছে:

- O & M of Substation
- O&M of Combined Cycle Gas Turbine Power Station
- Strategic Leadership
- Fundamental Components, Operation & Maintenance of Coal Fired Thermal Power Station
- Smart Prepayment Meter
- Solar Power Plant

প্রশিক্ষণের বিষয় ও পরিধি পরবর্তীতে আরও সম্প্রসারিত করার পরিকল্পনা করা হয়। এ ছাড়া ট্রেনিং নিডস্ অ্যাসেসমেন্ট পরিচালনার জন্য কনসাল্ট্যান্ট নিয়োগের জন্য একটি টিএপিপি দাখিল করা হয়। ট্রেনিং নিডস্ অ্যাসেসমেন্ট করা হলে তার ভিত্তিতে প্রশিক্ষণ পরিচালনা করা হবে। একই প্রকল্পের আওতায় কোর্স কারিকুলাম ডেভেলপমেন্ট এবং ট্রেনিং ম্যাটেরিয়াল তৈরিরও উদ্যোগ নেয়া হবে।

## ৬.০ সমস্যাবলী

বিপিএমআই-এর কার্যক্রম পরিচালনার ২ বছরেরও বেশি সময় অতিবাহিত হয়েছে। এই সময়ের মধ্যেই এ ইনস্টিটিউট প্রশিক্ষণের মান এবং পরিচালনার পদ্ধতি সম্পর্কে বেশ প্রশংসা অর্জন করেছে। অনেক সীমাবদ্ধতা সত্ত্বেও বিপিএমআই তার উপর অর্পিত দায়িত্ব পালনে তৎপর রয়েছে।

বিপিএমআই যে সকল সমস্যার মধ্য দিয়ে নিজের কার্যক্রম পরিচালনা করছে, সেগুলি হচ্ছে:

- জনবলের স্বল্পতা

- পর্যাপ্ত তহবিলের অভাব
- নিজস্ব ভবন না থাকা
- ক্লাসরুমের স্বল্পতা
- নিজস্ব ল্যাবরেটরি ও ওয়ার্কশপের অভাব
- বিভিন্ন বিষয়ের সিমুলেটর না থাকা
- প্রশিক্ষণার্থীদের যথাসময়ে ও চাহিত সংখ্যায় মনোনয়ন প্রদান না করা

বিপিএমআই বর্তমানে পূর্বাচলে ডেসকো-র একটি সাব-স্টেশন ভবনে নিজস্ব কার্যক্রম পরিচালনা করছে। দ্রুত নিজস্ব ক্যাম্পাসে অবকাঠামো নির্মাণের জন্য বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এবং বিপিএমআই একত্রে কাজ করছে। ভবিষ্যতে কেরাণীগঞ্জস্থ নিজস্ব জমিতে ভবনাদি নির্মাণ করার পর সেখানে কার্যক্রম পরিচালিত হবে, যাতে বিদ্যুৎ খাতে প্রশিক্ষণের আধুনিক সকল সুযোগ-সুবিধা সৃজন করা হবে।

## ৭.০ ভবিষ্যৎ পরিকল্পনা

বিপিএমআই প্রশিক্ষণ প্রদানে সক্ষমতা বাড়ানোর, প্রশিক্ষণের মান বৃদ্ধি সহ বিভিন্ন পরিকল্পনা তৈরি করেছে, যেগুলি হচ্ছে:

১) এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনে গৃহীত কার্যক্রম বাস্তবায়নে স্বার্থে বিদ্যুৎ খাতে উন্নত তথ্য-প্রযুক্তি জ্ঞানসম্পন্ন দক্ষ, পেশাদার কর্মীবাহিনী তৈরির জন্য বিপিএমআই প্রশিক্ষণ প্রদান করবে।

২) মানসম্মত প্রশিক্ষণ প্রদানের জন্য কোর্স কারিকুলাম ও কোর্স ম্যাটেরিয়াল তৈরি করবে।

৩) কারিগরি, জনবল ও আর্থিক ব্যবস্থাপনা খাতে উন্নত প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় সংখ্যক উচ্চ দক্ষতার প্রশিক্ষক তৈরি করবে।

৪) বিদ্যুৎ সেক্টরের বেসরকারি খাতে কর্মরত জনবলকে প্রশিক্ষণ প্রদান করা হবে।

৩) বিদ্যুৎ খাতে প্রশিক্ষণের একটি মান নির্ধারণেও বিপিএমআই কাজ করবে।

৪) বিপিএমআই ভবিষ্যতে বিদ্যুৎ খাতে সংস্থা/কোম্পানিসমূহকে কনসালটেন্সি সেবা প্রদান করবে। কনসালট্যান্সি সার্ভিসের জন্য বিদেশ-নির্ভরতা কমানোর লক্ষ্যে বিভিন্ন সংস্থা/কোম্পানিতে কর্মরত বা অবসরপ্রাপ্ত দক্ষ জনবলকে এক ছাতার তলায় আনা হবে এবং ভবিষ্যৎ প্রয়োজন মেটানোর জন্য নতুনদের প্রশিক্ষণ প্রদান করা হবে।

৫) কারিগরি সহায়তার জন্য দেশের সরকারি / বেসরকারিখাত এবং বিদেশি বিভিন্ন প্রতিষ্ঠানের সহিত যোগাযোগ অব্যাহত রয়েছে। বিপিএমআই ভারতের এনটিপিসি/এনপিটিআই, জাপানের টেপকোসহ অষ্ট্রেলিয়ার কয়েকটি শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠানের সাথে যৌথভাবে প্রশিক্ষণ কার্যক্রম চালু করার জন্য এমওইউ সম্পাদনের জন্য আলোচনা চলছে।

৬) কয়লা ও এলএনজি ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপন, পরিচালনা ও মেইনটেন্যান্স বিষয়ে গুরুত্ব দিয়ে উপযুক্ত জনবল গড়ে তোলা হবে।

৭) বিদ্যুৎ বিভাগ তথা সরকারকে বিদ্যুৎ বিষয়ে পরামর্শ বা বুদ্ধিবৃত্তিক সেবা প্রদান করবে।

৮) স্থায়ী প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের জন্য কেরানীগঞ্জে ২৫ একর জমি নেয়া হয়েছে। ঐ স্থানে বিদ্যুৎ বিভাগ এবং বিপিডিবি'র সহায়তায় প্রয়োজনীয় অবকাঠামো গড়ে তোলা হবে।

৯) সামগ্রিকভাবে বিদ্যুৎ খাত তথা বাংলাদেশের প্রশিক্ষণ ক্ষেত্রে বিপিএমআই-কে একটি আন্তর্জাতিক মানের ইনস্টিটিউট বা সেন্টার অব এক্সেলেন্স হিসেবে গড়ে তোলা হবে।

## ৮.০ উপসংহার

পূর্বেই বলা হয়েছে বিপিএমআই-এর কার্যক্রম পরিচালনার ১ বছরেরও বেশি সময় অতিবাহিত হলেও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা ৫ মে থেকে শুরু হওয়ায় কার্যক্রম পরিচালনার মেয়াদ মাত্র ১ মাস ২৬ দিন। বিপিএমআই তার উপর অর্পিত দায়িত্ব পালনে তৎপরতার অংশ হিসেবে জন্য নিজস্ব পদ্ধতিতে ট্রেনিং নিডস্ অ্যাসেসমেন্ট পরিচালনা, প্রশিক্ষণ পরিকল্পনা তৈরি, প্রশিক্ষক বা উপযুক্ত রিসোর্স পারসন খুঁজে বের করা ইত্যাদি কার্যক্রম শুরু করে। বিদ্যুৎ বিভাগ এবং এর আওতাধীন সংস্থা ও কোম্পানিসমূহের পূর্ণ সহযোগিতায় বিপিএমআই শুরু থেকেই প্রশিক্ষণে সর্বোচ্চ মান রক্ষার জন্য চেষ্টা করে আসছে। দেশ ও বিদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়, ট্রেনিং ইনস্টিটিউট থেকেও সহযোগিতা গ্রহন করা হচ্ছে।

## পরিশিষ্ট-১: ২০১৭-১৮ অর্থবছরের বাজেট

### বিপিএমআই'র ২০১৮ সালের বাজেট

বাংলাদেশ পাওয়ার ম্যানেজমেন্ট ইনস্টিটিউট (বিপিএমআই)
বিদ্যুৎ বিভাগ
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

বিষয় : বাংলাদেশ পাওয়ার ম্যানেজমেন্ট ইনস্টিটিউট (বিপিএমআই) এর ২০১৮ সালের অনুমোদিত বাজেট বরাদ্দের খাতওয়ারি বিভাজন।

(হাজার টাকায়)

| অর্থনৈতিক কোড নম্বর | ব্যয়ের খাত | | মার্চ ২০১৮ হতে ডিসেম্বর ২০১৮ পর্যন্ত |
|---|---|---|---|
| ৪৭০০ | **ভাতাদি** | | |
| ৪৭৩৭ | দায়িত্বভার ভাতা | | ৮১,০০০.০০ |
| ৪৭৯৩ | টেলিফোন/মোবাইল ভাতা | | ২৫৮,০০০.০০ |
| | **উপমোট** | | **৩৩৯,০০০.০০** |
| ৪৮০০ | **সরবরাহ ও সেবা** | | |
| ৪৮০১ | ভ্রমণ ব্যয় | | ২০,০০০.০০ |
| ৪৮১৫ | ডাক | | ২০,০০০.০০ |
| ৪৮২৭ | মুদ্রণ ও বাঁধাই | | ৮০,০০০.০০ |
| ৪৮২৮ | মনোহারী | | ৮০,০০০.০০ |
| ৪৮৩১ | বইপত্র ও সাময়িকী | | ৩০,০০০.০০ |
| ৪৮৩৩ | বিজ্ঞাপন ও প্রচার | | ২৪০,০০০.০০ |
| ৪৮৪২ | সেমিনার, কনফারেন্স | | ২৫০,০০০.০০ |
| ৪৮৪০ | প্রশিক্ষণ ব্যয় | | ২,২৯৮,৮৩৫.০০ |
| ৪৮৪৫ | আপ্যায়ন ব্যয় | | ৮০,০০০.০০ |
| ৪৮৪৬ | পরিবহন ব্যয় (গাড়ী ভাড়া) | | ১,৪০০,০০০.০০ |
| ৪৮৭৪ | কন্সালটেন্সী | | ৫০০,০০০.০০ |
| ৪৮৮৩ | সম্মানী ভাতা/ফি/পারিশ্রমিক | | ৭৫০,০০০.০০ |
| ৪৮৯৯ | অন্যান্য ব্যয় | | ২১,১৬৫.০০ |
| | **উপমোট** | | **৫,৭৭০,০০০.০০** |
| ৪৯০০ | **মেরামত ও সংক্ষণ** | | |
| ৪৯১১ | কম্পিউটার ও অফিস সরঞ্জাম | | ২০,০০০.০০ |
| | **উপমোট** | | **২০,০০০.০০** |
| | মোট (ক) | | **৬,১২৯,০০০.০০** |
| ৫৯৯৮ | **মূলধন মঞ্জুরী** | | |
| ৬৮০০ | **মূলধন ও সম্পদ সংগ্রহ** | | |
| ৬৮১৫ | কম্পিউটার ও যন্ত্রাংশ | | ৬৯৫,০০০.০০ |
| ৬৮২১ | আসবাবপত্র | | ৪৪৮,০০০.০০ |
| | **মোট (খ)** | | **১,১৪৩,০০০.০০** |
| | **সর্বমোট (ক+খ)** | | **৭,২৭২,০০০.০০** |

(প্রদীপ চন্দ্র সরকার)
সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)
বিপিএমআই

(মোঃ সফিজুল হক)
উপ-পরিচালক (অর্থ)
বিপিএমআই

(মোঃ রফিকুল ইসলাম)
পরিচালক (প্রশিক্ষণ)
বিপিএমআই

রেক্টর (ভারপ্রাপ্ত), বিপিএমআই
ও
অতিরিক্ত সচিব (উন্নয়ন), বিদ্যুৎ বিভাগ

# পরিশিষ্ট-২: জানুয়ারি হতে জুন ২০১৯ অর্থবছরের বাজেট

বাংলাদেশ পাওয়ার ম্যানেজমেন্ট ইনস্টিটিউট (বিপিএমআই)
জানুয়ারি, ২০১৯ হতে জুন, ২০১৯ সালের খাতওয়ারি বাজেট বিভাজন

(টাকায়)

| অর্থনৈতিক কোড | ব্যয়ের খাত | ২০১৮ সালের বাজেট বরাদ্দ | জানুয়ারি, ২০১৯ হতে জুন, ২০১৯ সালের বাজেট বরাদ্দ |
|---|---|---|---|
| ৪৫০০ | অফিসারদের বেতন | | |
| ৪৫০১ | অফিসারদের বেতন | - | ২,৪৫৭,৫০০ |
| | উপমোট | - | ২,৪৫৭,৫০০ |
| ৪৬০০ | কর্মচারীদের বেতন | | |
| ৪৬০১ | কর্মচারীদের বেতন | ১৯৫,০০০ | ১,১৫৫,৮০০ |
| | উপমোট | ১৯৫,০০০ | ১,১৫৫,৮০০ |
| ৪৭০০ | ভাতাদি | | |
| ৪৭৩৭ | দায়িত্বভার ভাতা | ৮১,০০০ | ৩,৪৫০,০০০ |
| ৪৭৯৩ | টেলিফোন/মোবাইল ভাতা | ২৫৮,০০০ | ২৪০,০০০ |
| | উপমোট | ৩৩৯,০০০ | ৩,৬৯০,০০০ |
| ৪৮০০ | সরবরাহ ও সেবা | | |
| ৪৮০১ | ভ্রমণ ব্যয় | ২০,০০০ | ১০০,০০০ |
| ৪৮১৫ | ডাক | ২০,০০০ | ৫০,০০০ |
| ৪৮১৮ | রেজিস্ট্রেশন ফি | - | ২০০,০০০ |
| ৪৮১৯ | পানি | - | ৫০,০০০ |
| ৪৮২১ | বিদ্যুৎ | - | ৪২০,০০০ |
| ৪৮২২ | গ্যাস ও জ্বালানি | - | ৯৬,০০০ |
| ৪৮২৩ | পেট্রোল ও লুব্রিক্যান্ট (সিএনজিসহ) | - | ১০০,০০০ |
| ৪৮২৭ | মুদ্রণ ও বাঁধাই | ৮০,০০০ | ৯০,০০০ |
| ৪৮২৮ | মনোহারী | ৮০,০০০ | ১৫০,০০০ |
| ৪৮৩১ | বইপত্র ও সাময়িকী | ৩০,০০০ | ৫০,০০০ |
| ৪৮৩৩ | বিজ্ঞাপন ও প্রচার | ২৪০,০০০ | ২৪০,০০০ |
| ৪৮৪২ | সেমিনার, কনফারেন্স | ২৫০,০০০ | ৫০০,০০০ |
| ৪৮৪০ | প্রশিক্ষণ ব্যয় | ২,২৯৮,৮৩৫ | ৭,২৫০,০০০ |
| ৪৮৪৫ | আপ্যায়ন ব্যয় | ৮০,০০০ | ১২০,০০০ |
| ৪৮৪৬ | পরিবহন ব্যয় (গাড়ী ভাড়া) | ১,৪০০,০০০ | ১,৮৯০,০০০ |
| ৪৮৪৭ | পুরস্কার (ক্রেস্ট) | - | ১০০,০০০ |
| ৪৮৭৫ | পরিষ্কার পরিচ্ছন্নতা | - | ১০০,০০০ |
| ৪৮৭৪ | কন্সালটেন্সী | ৫০০,০০০ | ৫০০,০০০ |
| ৪৮৮৩ | সম্মানী ভাতা/ফি/পারিশ্রমিক | ৭৫০,০০০ | ১,০৫০,০০০ |
| ৪৮৯৯ | অন্যান্য ব্যয় | ২১,১৬৫ | ৫০,০০০ |
| | উপমোট | ৫,৭৭০,০০০ | ১৩,১০৬,০০০ |
| ৪৯০০ | মেরামত ও সংক্ষণ | | |
| ৪৯০৬ | মেরামত ও সংরক্ষণ | - | ৫০,০০০ |
| ৪৯১১ | কম্পিউটার ও অফিস সরঞ্জাম | ২০,০০০ | ১০০,০০০ |
| | উপমোট | ২০,০০০ | ১৫০,০০০ |
| | মোট (ক) | ৬,১২৯,০০০ | ১৯,৪০৩,৫০০ |
| ৫৯৯৮ | মূলধন মঞ্জুরী | | |
| ৬৮০০ | মূলধন ও সম্পদ সংগ্রহ | | |
| ৬৮১৫ | কম্পিউটার ও যন্ত্রাংশ | ৬৯৫,০০০ | ৬৮৭,০০০ |
| ৬৮২১ | আসবাবপত্র | ৪৪৮,০০০ | ৪১৩,০০০ |
| | মোট (খ) | ১,১৪৩,০০০ | ১,১০০,০০০ |
| | সর্বমোট (ক+খ) | ৭,৪৬৭,০০০ | ২৪,১১৬,৮০০ |

শেখ ফয়েজুল আমীন
এমডিএস (প্রশাসন ও অর্থ), বিপিএমআই
ও
যুগ্ম-সচিব (উন্নয়ন), বিদ্যুৎ বিভাগ

## পরিশিষ্ট-৩: ২০১৮-১৯ অর্থবছরের ব্যালান্স শিট

**Bangladesh Power Management Institute**
**Statement of Financial Position**
As at June 30, 2019

| Particulars | Notes | Amount in Taka | |
|---|---|---|---|
| | | **June 30, 2019** | **June 30, 2018** |
| **ASSETS** | | | |
| **Non-current Assets** | | **669,735** | **166,067** |
| Property, Plant and Equipment | 3.00 | 669,735 | 166,067 |
| **Current Assets** | | **95,561,049** | **28,669,981** |
| Investment in FDR | | 22,817,500 | - |
| Accounts Receivable | 4.00 | 23,630,763 | 3,045,000 |
| Cash and Cash Equivalents | 5.00 | 49,112,786 | 25,624,981 |
| **Total Assets** | | **96,230,784** | **28,836,048** |
| **FUND AND LIABILITIES** | | | |
| | | **95,103,572** | **28,740,209** |
| Fund Account | 6.00 | 95,103,572 | 28,740,209 |
| **Liabilities** | | | |
| **Current Liabilities** | | **1,127,212** | **95,839** |
| Accounts Payable | 7.00 | 530,756 | 58,339 |
| Provision for Expenses | 8.00 | 596,456 | 37,500 |
| **Total Fund and Liabilities** | | **96,230,784** | **28,836,048** |

The annexed notes 01 to 12 and Annexure - A form an integral part of these financial statements.

**Director, Admin and Finance** **MDS, Admin and Finance**

Signed in terms of our separate report of even date.

**Dated: Dhaka** **Rahman Mostafa Alam & Co.**

# পরিশিষ্ট ৩: ফটো এ্যালবাম




চিত্র-১: বিদ্যুৎ, ভবন মুক্তি হলে বিপিএমআই এর প্রথম ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন মাননীয় প্রধানমন্ত্রীর উপদেষ্টা ডঃ তৌফিক-ই-ইলাহী চৌধুরী, বীর বিক্রম




চিত্র-২: বিদ্যুৎ, ভবন মুক্তি হলে বিপিএমআই-এর প্রথম ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন মাননীয় বিদ্যুৎ প্রতিমন্ত্রী জনাব নসরুল হামিদ, এমপি




চিত্র-৩: বিদ্যুৎ, ভবন মুক্তি হলে বিপিএমআই এর প্রথম ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন মাননীয় প্রধানমন্ত্রীর এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক জনাব মোঃ আবুল কালাম আজাদ




চিত্র-৪: বিদ্যুৎ, ভবন মুক্তি হলে বিপিএমআই-এর ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন সাবেক বিদ্যুৎ সচিব ডঃ আহমদ কায়কাউস




চিত্র-৫: বিদ্যুৎ, ভবন মুক্তি হলে বিপিএমআই এর প্রথম ওয়ার্কশপের উদ্বোধনী  অনুষ্ঠানে বক্তব্য রাখছেন বিপিএমআই-এর রেক্টর জনাব মোঃ মাহবুব-উল-আলম



চিত্র-৬: বিদ্যুৎ, ভবন মুক্তি হলে বিপিএমআই এর প্রথম ওয়ার্কশপ “Finalization of Draft Power Sector Training Policy” এর অনুষ্ঠানের প্রশ্নোত্তর পর্ব




চিত্র-৭: বিদ্যুৎ, ভবন বিজয় হলে বিপিএমআই কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ “Familiarization of Coal Powered Thermal Power Station” এর উদ্বোধনী অনুষ্ঠান




চিত্র-৮: বিপিএমআই পূর্বাচল ক্যাম্পাসের উদ্বোধনী অনুষ্ঠানে সম্মানিত অতিথিবৃন্দ




চিত্র-৯: ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স দপ্তরে 'Physical Security & Access Control of KPI' প্রশিক্ষণের ব্যবহারিক সেশন



চিত্র-১০: মাতারবাড়ি আলট্রা সুপার ক্রিটিকাল কয়লা প্রকল্পে প্রশিক্ষণের ব্যবহারিক সেশন



চিত্র-১১: বিপিএমআই পূর্বাচল ক্যাম্পাস ভবন




চিত্র-১২: বিপিএমআই পূর্বাচল ক্যাম্পাসে প্রশিক্ষণ ক্লাসরুম



চিত্র-১৩: বিদ্যুৎ ভবনে বিদ্যুৎ বিভাগের সভাকক্ষে বিপিএমআই এর গভর্নিং বডির সভা



চিত্র-১৪: বিদ্যুৎ ভবনে বিজয় হলে বিপিএমআই-এর Annual Performance Agreement (APA) স্বাক্ষর অনুষ্ঠান